**(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.১০২.১১.০১৩.২৬.২৪ তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ / ৩০ মার্চ ২০২৬

## বিজ্ঞপ্তি

বিষয়: **বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের বাণিজ্যিক উইংয়ে বিভিন্ন পদে প্রেষণে কর্মকর্তা নিয়োগ**

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের নিম্নছকে বর্ণিত বাণিজ্যিক উইংয়ে কমার্শিয়াল কাউন্সেলর ও প্রথম সচিব (বাণিজ্যিক) পদে প্রেষণে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাদের নিকট হতে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়নপত্রসহ) নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র. | পদের নাম ও মিশন | পদের সংখ্যা | যোগ্যতা | কাজের বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | **কমার্শিয়াল কাউন্সেলর**<br>১। বাংলাদেশ হাইকমিশন ক্যানবেরা, অস্ট্রেলিয়া<br>২।বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব<br>৩। বাংলাদেশ হাইকমিশন, লন্ডন, যুক্তরাজ্য | ৩ টি | জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তা | রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, রপ্তানি পণ্য বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণে রপ্তানি-আমদানি সংক্রান্ত তথ্য প্রদান, নতুন পণ্য রপ্তানির সম্ভাবনা সম্পর্কে পণ্যভিত্তিক প্রতিবেদন প্রেরণ, সম্ভাবনাময় খাতে বিদেশী বিনিয়োগ আকৃষ্টে উদ্যোগ গ্রহণ, বিদেশে অবস্থিত বিভিন্ন বাণিজ্য সংগঠনের সাথে যোগাযোগ ও দেশীয় বাণিজ্য সংগঠনের সাথে সংযোগ সাধন, বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনা শীর্ষক বিশেষ সভা, সেমিনার ও রোড শো আয়োজন, বাণিজ্যিক ও বিনিয়োগ সংক্রান্ত প্রতিনিধি দল প্রেরণের উদ্যোগ গ্রহণ, অধিক্ষেত্রাধীন দেশসমূহের সাথে দ্বি-পাক্ষিক, বহুপাক্ষিক ও আঞ্চলিক বাণিজ্য চুক্তি সম্পাদনের সম্ভাব্যতা যাচাই ও প্রতিবেদন প্রেরণ, বাংলাদেশি পণ্য রপ্তানির লক্ষ্যে অধিক্ষেত্রাধীন দেশসমূহের নন-ট্যারিফ বাধাসমূহ চিহ্নিতকরণ ও তা দূরীকরণে সম্ভাব্য সুপারিশ প্রেরণ। |
| ২ | **প্রথম সচিব (বাণিজ্যিক)**<br>বাংলাদেশ হাইকমিশন<br>কুয়ালালামপুর, মালয়েশিয়া | ১ টি | জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে কমপক্ষে ২ (দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তা | |

**শর্তাবলি:**

১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত বাংলাদেশ সিভিল সার্ভিসের (ক্যাডারভুক্ত) যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে নিজ মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী **০৪ মে ২০২৬ তারিখ বিকাল ৫:০০** টার মধ্যে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত রঙ্গিন ছবিসহ **সচিব, বাণিজ্য মন্ত্রণালয়** বরাবর আবেদন করতে হবে।

২। আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপসচিব, রপ্তানি-৩ শাখা, বাণিজ্য মন্ত্রণালয় (ভবন ৩, দ্বিতীয় তলা, কক্ষ ১২৬) এর নিকট পৌঁছাতে হবে। **আবেদনকারীকে পুরণকৃত 'জীবনবৃত্তান্ত ছক' এর সফট কপি (সংলগ্নী ছাড়া) মাইক্রোসফট ওয়ার্ড-এ 'নিকস' ফন্টে ই-মেইলে (export3@mincom.gov.bd) প্রেরণ করতে হবে।**

৩। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়নপত্র ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে।

৪। যে কোন পদের জন্য শুধু সমবেতন স্কেলের কর্মকর্তা আবেদন করতে পারবেন। সংশিষ্ট পদের এক ধাপ উপরের বেতন স্কেলের অথবা নিম্ন বেতন স্কেলের কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৫। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ মিশনের একই পদ বা সমমর্যাদার পদে চাকরি করেছেন এরুপ কর্মকর্তাগণও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৬। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪ (চার) বছরের কম রয়েছে তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৭। ০১ জানুয়ারি ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচিত হবে না।

৮। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়/ইউজিসি-এর প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯। প্রার্থিত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৭ নম্বর কলামে) উল্লেখ করতে হবে। একাধিক মিশনের জন্য পৃথকভাবে আবেদন করা যাবে না।

১০। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮/১২/১৯৯৩ তারিখের মপবি/রির্পোট/বিদেশস্থ/৪(৫)৯৩-১৭৯(১৩) এবং ১১/০৭/২০১৬ তারিখের ০৪.৪১৬.০৮৩.০০.০০.০৩১.২০১০.২২৬ নম্বর সংশোধিত পরিপত্রের নীতিমালা অনুসরণ করা হবে।

১১। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সংযুক্তি: জীবন বৃত্তান্ত ছক (১ পৃষ্ঠা)

৩০.০৫.২০২৪

মোহাম্মদ জাকির হোসেন
উপসচিব
ফোন: ০২৪১০৫৩৮৩৪
export3@mincom.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)............................................ (তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং তাঁর মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
৫। বাণিজ্য মন্ত্রণালয়ের কমিশন/অধিদপ্তর (সকল) ..........................................
৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
৭। অতিরিক্ত সচিব (সকল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। যুগ্মসচিব (রপ্তানি-১/২), রপ্তানি অধিশাখা বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (জীবন বৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। সিস্টেম এনালিস্ট, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (জীবন বৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩। বাণিজ্য মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড